



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১০১২০৫
www.naem.gov.bd



নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ৪৭৩

তারিখ: ২৬/০৬/১০৪২৫
২০১৮/১২/০২৩

বঙ্গাব্দ
খ্রিষ্টাব্দ

বিষয়: ৪৬তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভেলপমেন্ট-এ প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ কার্তিক থেকে ১২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ / ২৩ অক্টোবর থেকে ২৮ অক্টোবর ২০২১ খ্রি. মেয়াদে (৬দিন ব্যাপী) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য আয়োজিত ৪৬তম স্যাটেলাইট ট্রেনিং অন টিচার্স প্রফেশনাল ডেভেলপমেন্ট কোর্স কুষ্টিয়া জেলার সদর, কুমারখালী, ভেড়ামারা, দৌলতপুর ও খোকসা উপজেলায় মোট ০৫টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে। এজন্য তাঁর আওতাধীন উল্লিখিত ০৫টি উপজেলা হতে একটি করে মাধ্যমিক বিদ্যালয়কে (সার্বজনিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) প্রশিক্ষণ ভেন্যু হিসেবে নির্ধারণ এবং মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় সর্বোচ্চ ০২ (দুই)/০৩ (তিন) জন করে মোট ৩০ জন এমপিওভুক্ত সহকারী শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দানের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণ শুরুর দিন ৮.৩০টার মধ্যে ভেন্যুতে উপস্থিত হয়ে নিবন্ধন করতে হবে। প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র সঙ্গে আনতে হবে;
২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে বিধি মোতাবেক প্রশিক্ষণ ডাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে;
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৪. যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছে বা পূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৫. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপর্যাপ্ত হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি উপরোক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন;
৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স পরিচালক, জনাব স্বপন কুমার নাথ উপপরিচালক (গবেষণা ও তথ্যায়ন)-এর সেল নম্বর: ০১৭১৫৬৬০৮৩৪ অথবা কোর্স সমন্বয়ক জনাব মোঃ মিজানুর রহমান, টিচার ট্রেনার-এর সেল নম্বর: ০১৭৪৩৭৯৪৩৬৪ ও জনাব মোঃ সামসুল হদা, টিচার ট্রেনার-এর সেল নম্বর: ০১৭১২২৮৪৬৬৯- এ যোগাযোগ করা যেতে পারে;
৭. আমন্ত্রণপত্র খানা নায়েম-এর ওয়েবসাইট (www.naem.gov.bd)--এ পাওয়া যাবে।

উল্লিখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম বাংলা ও ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে আগামী ১৭ অক্টোবর ২০২১ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (Pdf ও MS-Word Format-এ) rudro71@gmail.com এবং ttshuda.naem@gmail.com অথবা tmizan.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

প্রাপক,
জেলা শিক্ষা কর্মকর্তা, কুষ্টিয়া

১১.১০.২০২১
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ফোন: ০২- ৫৫১৬৭৫৩০

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ৪৭৩ (২৬)

তারিখ: ২৬/০৬/১০৪২৫
২০১৮/১২/০২৩

বঙ্গাব্দ
খ্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬। জেলা প্রশাসক, কুষ্টিয়া;
- ৭। পুলিশ সুপার, কুষ্টিয়া;
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), কুষ্টিয়া;
- ৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল, খুলনা (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১০। জেলা শিক্ষা কর্মকর্তা, কুষ্টিয়া; (আবাসন ও প্রশিক্ষকগণের ভেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১২। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
- ১৩-১৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা সদর, কুমারখালী, ভেড়ামারা, দৌলতপুর ও খোকসা (আবাসন ও প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ) কুষ্টিয়া;
- ১৭-২০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সদর, কুমারখালী, ভেড়ামারা, দৌলতপুর ও খোকসা (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ) কুষ্টিয়া;
- ২১। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২২। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ২৩। রূপকল্প সেল;
- ২৩। অফিস নথি।

১১.১০.২১
(স্বপন কুমার নাথ)
উপপরিচালক (গবে. ও তথ্য.) ও
কোর্স পরিচালক
মোবাইল: ০১৭১৫৬৬০৮৩৪